

এসএসসি ও সমমান পরীক্ষা স্থগিত

নিজস্ব প্রতিবেদক

১৮ জুন ২০২২ ১২:০০ এএম

| আপডেট: ১৮ জুন ২০২২

০৩:৪৪ এএম

1
Shares

বাংলা খবর ও মুক্তি
আমাদের মুক্তি

advertisement

দেশের সার্বিক বন্যা পরিস্থিতির অবনতি হওয়ায় ১৯ জুন থেকে শুরু হতে যাওয়া সব শিক্ষা বোর্ডের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় থেকে গতকাল শুক্রবার এ তথ্য জানানো হয়। পরীক্ষার পরিবর্তিত সময়সূচি পরে জানানো হবে বলে জানিয়েছেন মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা এমএ খায়ের।

এমএ খায়ের বলেন, ‘দেশের সার্বিক বন্যা পরিস্থিতির অবনতি হওয়ায় শিক্ষামন্ত্রীর দপ্তর থেকে পরীক্ষা স্থগিতের সিদ্ধান্ত জানানো হয়েছে। সব শিক্ষা বোর্ডেরই এসএসসি জেনারেল, এসএসসি ভোকেশনাল ও দাখিল পরীক্ষা স্থগিত করা হয়েছে। পরীক্ষার পরিবর্তিত সময়সূচি পরে জানানো হবে।’ মহামারীর কারণে পিছিয়ে যাওয়া এসএসসি ও সমমানের লিখিত পরীক্ষা ১৯ জুন শুরু করে ৬ জুলাই

শেষ করার কথা ছিল।

ভারতের মেঘালয়-আসামে প্রবল বৃষ্টিপাতের কারণে উজান থেকে নেমে আসা পানিতে চলতি মৌসুমের তৃতীয় দফা বন্যা দেখা দিয়েছে সিলেট অঞ্চলে। সুনামগঞ্জের শহরে ভাসছে পানির ওপর। সদরের পাশাপাশি দোয়ারাবাজার, ছাতক, বিশ্বন্তরপুর, তাহিরপুর, দক্ষিণ সুনামগঞ্জ, জামালগঞ্জ ও জগন্নাথপুর উপজেলাও বন্যায় ভাসছে। পানি তুকেছে সিলেট শহরেও। জেলার কোম্পানীগঞ্জ, গোয়াইনঘাট, কানাইঘাট, জেন্তাপুর ও সদর উপজেলার বেশিরভাগ এলাকা এখন পানির নিচে। এসব এলাকার বেশিরভাগ শিক্ষা প্রতিষ্ঠানেই বন্যার পানি তুকেছে। আবার অনেক শিক্ষা প্রতিষ্ঠানে আশ্রয় নিয়েছেন দুর্গতরা। দুর্ঘটনা এড়াতে বিদ্যুৎ বন্ধ রাখা হয়েছে সুনামগঞ্জে। বন্যাক্বলিত এ দুই জেলার মধ্যে সুনামগঞ্জে ২৩ হাজার ৭৫২ এবং সিলেটে ৪৩ হাজার ৮৪৪ শিক্ষার্থীর এবার এসএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নেওয়া কথা। দুই জেলায় ৯২টি কেন্দ্রে পরীক্ষা নেওয়ারও আয়োজন চলছিল। সারাদেশে অংশ নেওয়ার অপেক্ষায় রয়েছে মোট ২০ লাখ ২১ হাজার ৮৬৮ পরীক্ষার্থী। তবে বন্যা পরিস্থিতির অবনতির কারণে শিক্ষার্থী ও অভিভাবকরা উদ্বেগে ছিলেন। পরীক্ষা স্থগিতেরও দাবি জানাচ্ছিলেন তারা।

1
Shares